**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভার্চুয়ালভাবে মুখ্যমন্ত্রী সমীপেষুর পর্ব রাজ্য জুড়ে অংশগ্রহণমূলক শাসনব্যবস্থাকে শক্তিশালী করবে এবং অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে।**

**(২) বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যে মাসে ৫০ ইউনিটের কম বিদ্যুৎ ব্যবহারকারী পরিবারগুলিকে মাত্র ১ হাজার টাকার বিনিময়ে সৌরবিদ্যুৎ ব্যবস্থা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছেন, ভারত ও ইতালি তাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে একটি বিশেষ কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে।**

**(৪) অটল পেনশন যোজনা বাস্তবায়নে সারা দেশের গ্রামীণ ব্যাংকগুলির মধ্যে দ্বিতীয় সেরা পারফর্মার হিসেবে জাতীয় স্বীকৃতি অর্জন করল ত্রিপুরা গ্রামীণ ব্যাংক।**

******************************************

**Mukhyamantri Samipeshu–Virtual :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভার্চুয়ালভাবে মুখ্যমন্ত্রী সমীপেষুর পর্ব রাজ্য জুড়ে অংশগ্রহণমূলক শাসনব্যবস্থাকে শক্তিশালী করবে এবং অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে। আজ আগরতলার টি.আই.এফ.টি–র কনফারেন্স হলে ভার্চুয়ালভাবে মুখ্যমন্ত্রী সমীপেষুর পর্বের সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের প্রতিটি প্রান্তের জনগণের সঙ্গে সরকারের সম্পর্ক আরো নিবিড় করার জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে এখন বিভিন্ন জেলার জনগণ আগরতলায় না

গিয়ে ভার্চুয়ালভাবে মুখ্যমন্ত্রীর কাছে তাঁদের অভাব, অভিযোগ জানাতে পারবেন। আজকের পর্বে তিনি ভার্চুয়ালভাবে ধলাই জেলার ৩৫ জনের এবং আগরতলার ২ জনের অভাব অভিযোগ শোনেন এবং তা অবিলম্বে নিরসনের নির্দেশ দেন।

****************************

**V.C-Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন এডিসি এলাকায় আসন্ন ভিলেজ কমিটি নির্বাচনের জন্য বিভিন্ন ব্লকে ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার তথা বিডিওগণ গত ১৮ মে এই তালিকা প্রকাশ করেন। রাজ্যের বিভিন্ন মহকুমা ও ব্লকজুড়ে মোট ১,৫৫০টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রকাশিত তালিকা অনুযায়ী, সবচেয়ে বেশি ভোটকেন্দ্র রাখা হয়েছে মনু ব্লকে, সেখানে মোট ৮৭টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে।

****************************

**Power Minister :**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যের যেসব পরিবার মাসে ৫০ ইউনিটের কম বিদ্যুৎ ব্যবহার করেন, তাদের জন্য মাত্র ১ হাজার টাকার বিনিময়ে সৌরবিদ্যুৎ ব্যবস্থা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। পরিবেশবান্ধব শক্তির ব্যবহারে এটি রাজ্য সরকার ও রাজ্য বিদ্যুৎ নিগমের একটি বড় পদক্ষেপ। আজ আগরতলায় “রুফটপ সোলার পিভি সিস্টেম হ্যান্ডবুক” প্রকাশ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমানে রাজ্যে প্রায় ৩ লক্ষ পরিবার ৫০ ইউনিটের নিচে বিদ্যুৎ ব্যবহার করেন। প্রথম পর্যায়ে তাদের মধ্যে ১ লক্ষ ৫০ হাজার পরিবারকে এই সুবিধার আওতায় আনা হবে।

বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনার অধীনে রাজ্যে সৌরবিদ্যুতের প্রসার দ্রুত বাড়ছে। বর্তমানে ১৭ হাজারেরও বেশি মানুষ

এই প্রকল্পে নাম নথিভুক্ত করেছেন এবং ইতিমধ্যেই ৩ হাজার ৫০০ পরিবার নিজেদের বাড়িতে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করেছেন।

**************************

**Census :**

আগামী ১৭ই জুলাই থেকে রাজ্যে জনগণনা শুরু হচ্ছে। এই লক্ষ্যে ব্যাপকভাবে প্রশাসনিক প্রস্তুতি শুরু হয়েছে। এর অঙ্গ হিসাবে আজ থেকে কৈলাশহর সার্কিট হাউজে তিনদিনের প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। তথ্যচিত্র উপস্থাপনের মাধ্যমে জনগননা প্রক্রিয়ার বিভিন্ন পর্যায় ও দিক নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিত ছিলেন জনগননা কার্যক্রম বিভাগের অধিকর্তা রতন বিশ্বাস, ঊনকোটি জেলার জেলা শাসক মেঘা জৈন, অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ প্রমুখ। উল্লেখ্য দেশে এই প্রথম সম্পূর্ণ ডিজিট্যাল প্লাটফর্মে জনগননা প্রক্রিয়া সম্পন্ন হবে।

এদিকে, খোয়াই জেলার জেলাশাসক কার্যালয়েও আজ থেকে তিনদিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, জেলার ছয়টি ব্লকের ব্লক আধিকারিক সহ দুটি পুর পরিষদের আধিকারিকগণ।

**************************

**Vidyajyoti-Admission :**

রাজ্যের বিদ্যাজ্যোতি প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলিতে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য বিজ্ঞান কলা ও বাণিজ্য বিভাগে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, রাজ্যের যেকোনো বিদ্যাজ্যোতি বিদ্যালয়ে ভর্তির জন্য আবেদনকারীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে। vidyajyotischools.co.in বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের এই ওয়েবসাইটে আজ দুপুর বারোটা থেকে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। আবেদনের শেষ তারিখ আগামী ২৪শে মে রাত বারোটা পর্যন্ত। পরদিন পঁচিশে মে প্রথম মেধা তালিকা প্রকাশ করা হবে। প্রথম

মেধা তালিকার ভিত্তিতে কাউন্সেলিং হবে ২৮শে মে। দ্বিতীয় মেধা তালিকার প্রকাশ করা হবে ২৯শে মে। দ্বিতীয় মেধা তালিকার ভিত্তিতে কাউন্সেলিং হবে ৩০শে মে। ৮ই জুনের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

***************************

**Labour Dept. Meeting :**

আজ আগরতলায় শ্রম দপ্তরের অফিসে বিভিন্ন বাজারের ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের নিয়ে এক কর্মশালার আয়োজন করা হয়। যুগ্ম শ্রম কমিশনার বিনয় ভূষণ দাস এই কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে বাজার এবং ইটভাটায় শিশু শ্রম বন্ধের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, শ্রম দপ্তরের টাস্ক ফোর্স বিভিন্ন বাজারে অভিযান শুরু করবে। এই অভিযানে কোথাও শিশু শ্রমিকের সন্ধান পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্ণধারের বিরুদ্ধে সুপ্রিমকোর্টের নির্দেশ অনুযায়ী ফৌজদারি মামলা নেওয়া হবে।

*****************************

**Waste Collection Vehicles :**

স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে আজ পশ্চিম ত্রিপুরা জেলার ৬টি ব্লকে বর্জ্য সংগ্রহের ৬টি গাড়ি দেওয়া হয়েছে। আগরতলায় এক অনুষ্ঠানে জেলা শাসক ডাঃ বিশাল কুমার বেলবাড়ি, ডুকলি, জিরানিয়া, লেফুঙ্গা, মান্দাই ও মোহনপুর ব্লকের জন্য এই গাড়িগুলি প্রদান করেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছেন, ভারত ও ইতালি তাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে একটি বিশেষ কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। আজ রোমে এক যৌথ সাংবাদিক সম্মেলনে তিনি এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি বলেন, ভারত ও ইতালি উভয় দেশ নৌপরিবহন, বন্দর আধুনিকীকরণ, লজিস্টিকস এবং নীল অর্থনীতিতেও একসঙ্গে কাজ করবে। ভারত-ইতালি প্রতিরক্ষা শিল্প রোডম্যাপ সামরিক সরঞ্জামের যৌথ উন্নয়ন ও যৌথ উৎপাদনের পথ প্রশস্ত করেছে। প্রধানমন্ত্রী আরো বলেন, উভয় পক্ষ সহযোগিতা বৃদ্ধির বিষয়ে ব্যাপক আলোচনা করেছে এবং একটি ভারত-ইতালি উদ্ভাবন কেন্দ্র স্থাপনের জন্য কাজ করছে। প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির নেতৃত্বে দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন গতি, দিকনির্দেশনা এবং আস্থা অর্জন করেছে।

######Byte-PM######

ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি বলেছেন, ভারত ও ইতালি তাদের সম্পর্ককে একটি বিশেষ কৌশলগত অংশীদারিত্বের পর্যায়ে উন্নীত করছে এবং দ্বিপাক্ষিক সম্পর্ক এখন তার পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগাতে সক্ষম। তিনি বলেন, দুই দেশের বন্ধুত্ব শ্রদ্ধা ও পারস্পরিক বিশ্বাসের উপর ভিত্তি করে গড়ে উঠেছে।

***************************

**TGB Ranks 2nd in APY :**

অটল পেনশন যোজনা বাস্তবায়নে ভারতের ২৮টি গ্রামীণ ব্যাংকের মধ্যে দ্বিতীয় সেরা পারফর্মার হিসেবে জাতীয় স্বীকৃতি অর্জন করল ত্রিপুরা গ্রামীণ ব্যাংক। আজ নয়াদিল্লিতে পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি আয়োজিত এক অনুষ্ঠানে এই মর্যাদাপূর্ণ পুরস্কার দেওয়া হয়। ত্রিপুরার গ্রামীণ মানুষের মধ্যে পেনশন কভারেজ বৃদ্ধি এবং আর্থিক অন্তর্ভুক্তির প্রসারে ব্যাংকের নিষ্ঠাবান প্রচেষ্টাকে এই পুরস্কারের মাধ্যমে সম্মানিত করা হয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের আর্থিক পরিষেবা বিভাগের সচিব এম. নাগরাজু এবং বিশেষ সচিব সঞ্জয় লোহিয়ার উপস্থিতিতে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং এই পুরস্কার গ্রহণ করেন।

*************************

**Assam Rifles and Army :**

ত্রিপুরায় বন্যা পরিস্থিতিতে দ্রুত ত্রাণ ও উদ্ধার কাজ পরিচালনার লক্ষ্যে অসম রাইফেলস ও ভারতীয় সেনাবাহিনী যৌথভাবে দু'দিনব্যাপী বন্যা ত্রাণ প্রশিক্ষণ মহড়া আয়োজন করেছে। আগরতলায় অনুষ্ঠিত এই মহড়ায় দুই বাহিনীর জওয়ানরা যৌথভাবে উদ্ধার অভিযান, ত্রাণ কার্যক্রম এবং দুর্যোগ মোকাবিলার বিভিন্ন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর বা এসওপি অনুশীলন করেন। এই প্রশিক্ষণের মাধ্যমে দুই বাহিনীর মধ্যে সমন্বয় ও প্রস্তুতি আরও শক্তিশালী হয়েছে বলে আজ আসাম রাইফেলসের জন সংযোগ আধিকারিক জানিয়েছেন।

******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra

Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

**************************

**Tripura AVGC-XR Policy :**

তথ্য প্রযুক্তি দপ্তরের উদ্যোগে আজ আগরতলায় এভিজিসি-এক্সআর নীতি নিয়ে এক পরামর্শমূলক বৈঠক অনুষ্ঠিত হয়। অ্যানিমেশন, ভিজ্যুয়াল এফেক্টস, গেমিং, কমিকস ও এক্সটেন্ডেড রিয়্যালিটি বা এভিজিসি-এক্সআর ক্ষেত্রের বিশেষজ্ঞ, শিল্পপতি, শিক্ষাবিদ এবং বিভিন্ন অংশের প্রতিনিধিরা এই বৈঠকে অংশ নেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং তথ্য প্রযুক্তি অধিকর্তা জেয়া রাগুল গেশন বি। তাছাড়া এভিজিসি কৌশল টাস্ক ফোর্সের সদস্য অস্টিন ডেভিস, আইআইসিটির বোর্ড সদস্য মানবেন্দ্র শুক্ল, এসআরএফটিআই-এর অধ্যাপক সৈকত রায়, নিউজেন গেমিং-এর সিইও অনুরাগ খুরানা প্রমুখ।

***************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৪টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার ৪৪ রানে ব্রাইট ক্লাবকে, নরসিংগড়ের পি টি এ মাঠে ব্লাডমাউথ ক্লাব ৩৩৪ রানে চলমান সংঘকে, এম বি বি স্টেডিয়ামে তরুণ সংঘ কোচিং সেন্টার ১৬ রানে কসমোপলিটন ক্লাবকে এবং মোহনপুরের তালতলা মাঠে নিউ প্লে সেন্টার ৭০ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.১ ডিগ্রি সেলসিয়াস।

*************************